সংবাদ

তারিখ ·11·JAN·২০১৫·
পৃষ্ঠা ··· কলাম···

# ইবি প্রো-ভিসির পদত্যাগ

প্রতিনিধি, ইবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান পদত্যাগ করেছেন। শিক্ষা সচিব বরাবর প্রো-ভিসি ড. মো. শাহিনুর রহমান পদত্যাগপত্র জমা দেন। প্রো-ভিসি নিজে পদত্যাগের বিষয়টি স্বীকার করেছেন। বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, রোববার শিক্ষা সচিব বরাবর পদত্যাগপত্র জমা দেন প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান। এ বিষয়ে অতিরিক্ত শিক্ষা সচিব (বিশ্ববিদ্যালয়) মো. হেলাল উদ্দিন বলেন, 'পদত্যাগপত্র হাতে পেয়েছি। তিনি আবেদনটি আচার্য বরাবর না করে শিক্ষা সচিব বরাবর করেছেন। এখানে শিক্ষা সচিব মাধ্যম হওয়া উচিত ছিল।' বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ইবি : পৃষ্ঠা : ২ ক : ১

## ইবি : পদত্যাগ

(১৬ পৃষ্ঠার পর)

এসএম আবদুল লতিফ বলেন, 'সকালে শিক্ষা মন্ত্রণালয় থেকে পদত্যাগের বিষয়টি জানানো হয়েছে। পদত্যাগপত্রে তিনি ব্যক্তিগত কারণ উল্লেখ করেছেন। এছাড়া তিনি ইংরেজি বিভাগে প্রশিক্ষ হিসেবে যোগদানের জন্য আলাদাভাবে আবেদন করেছেন।' পদত্যাগের বিষয় প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান বলেন, 'আমি এ পদে দায়িত্ব পালন করে সম্মানিত হয়েছি এবং আমার দায়িত্ব যথাযথভাবে পালন করার চেষ্টা করেছি। এখন আমি আমার নিজ কর্মস্থল ইংরেজি বিভাগে শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করতে চাই।' প্রসঙ্গত, ২০১৩ সালের ১৯ ফেব্রুয়ারি ইংরেজি বিভাগের প্রফেসর ড. মো. শাহিনুর রহমান বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তার বাবা একজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা। এর আগে তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ও ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগের শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।